মেহেরপুরে আরএমপি ওয়েলফেয়ার সোসাইটির জেলা কমিটির সংবর্ধনা

মেহেরপুরে আর এম পি ওয়েলফেয়ার সোসাইটির জেলা কমেটির সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। আজ মঙ্গলবার সকাল ১১টার সময় মেহেরপুর জেলা পরিষদের হলরুমে আর এম পি ওয়েলফেয়ার সোসাইটির মেহেরপুর জেলা কমিটি ঘোষণা করা হয়।

মেহেরপুরে আর এম পি ওয়েলফেয়ার সোসাইটির সভাপতি গ্রাম্য ডাক্তার আব্বাস উদ্দিনের সভাপতিত্বে ও মেহেরপুর আর এম পি ওয়েলফেয়ার সোসাইটির সাধারণ সম্পাদক জিয়াউর রহমানের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের সিভিল সার্জন ডা: মহী উদ্দিন আহমেদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আর এম পি ওয়েলফেয়ার সোসাইটির কেন্দ্রীয় কমিটির সভাপতি গ্রাম্য ডাক্তার এম এ গফুর। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন আর এম পি ওয়েলফেয়ার সোসাইটির কেন্দ্রীয় কমিটির কেন্দ্রীয় মহাসচিব ও প্রধান আলোচক গ্রাম্য ডাক্তার আমিনুল ইসলাম।

মেহেরপুরে আর এম পি ওয়েলফেয়ার সোসাইটির সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আর এম পি ওয়েলফেয়ার সোসাইটির কেন্দ্রীয় কমিটির সিনিয়র সহ-সভাপতি জগলুর রহমান, আর এম পি ওয়েলফেয়ার সোসাইটির কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি সুমন আলী, আর এম পি ওয়েলফেয়ার সোসাইটির কেন্দ্রীয় কমিটির কেন্দ্রীয় কোষাধ্যক্ষ ও প্রশিক্ষণ সমন্বয়কারী হোসেন সাদিক ইমাম, আর এম পি ওয়েলফেয়ার সোসাইটির কেন্দ্রীয় কমিটির যুগ্ম মহাসচিব শফিকুর রহমান, আর এম পি ওয়েলফেয়ার সোসাইটির কেন্দ্রীয় কমিটির তথ্য ও প্রচার প্রকাশনা সম্পাদক সাইফুল ইসলাম।

এ সময় মেহেরপুরে আর এম পি ওয়েলফেয়ার সোসাইটির ৪১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।